

দৈনিক
জনকণ্ঠ

ঢাকা ॥ মঙ্গলবার

১৮ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ

২ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

কৃষক সমাবেশ

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) আমের ক্ষতিকারক পোকামাকড় ও রোগবালাই ব্যবস্থাপনা শীর্ষক মাঠ দিবস ও কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বারির ক্রীতত্ব বিভাগে চলমান বাংলাদেশে শাক-সবজি, ফল ও পান ফসলের পোকামাকড় ও রোগবালাই ব্যবস্থাপনায় জৈব বালাইনাশক ভিত্তিক প্রযুক্তির উদ্ভাবন ও সম্প্রসারণ প্রকল্পের আওতায় ফল বিভাগের গাজীপুরের গবেষণা মাঠে এ কর্মসূচী অনুষ্ঠিত হয়। বারির মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ মাঠ দিবস কর্মসূচীর উদ্বোধন ঘোষণা করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারির পরিচালক (গবেষণা) ড. মো. আবদুল ওহাব, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) জেবুন নেছা, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. আবেদা খাতুন প্রমুখ।

